দৈনিক ইত্তেফাক

তারিখ 19 JUN 2008
পৃষ্ঠা ... কলাম ...

*ঢাকায় চুক্তি স্বাক্ষর*

# শিক্ষা খাতে ৩৫০ কোটি টাকা ঋণ দিচ্ছে এডিবি

অর্থনৈতিক রিপোর্টার

মাধ্যমিক শিক্ষা ক্ষেত্রে ঝরে পড়া ছাত্র-ছাত্রীদের কারিগরি শিক্ষার মাধ্যমে কর্মদক্ষ করে গড়ে তোলার লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের দক্ষতা উন্নয়ন প্রকল্পের অনুকূলে এশীয় উন্নয়ন ব্যাংক ৩৫০ কোটি টাকার নতুন ঋণ দিয়েছে বাংলাদেশকে। এ ব্যাপারে গতকাল সরকারের অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সাথে এডিবির একটি ঋণচুক্তি স্বাক্ষর হয়েছে। ইআরডি সচিব মোহাম্মদ আমিনুল ইসলাম ভুইয়া এবং এডিবির বাংলাদেশ মিশনের কান্ট্রি ডিরেক্টর হুয়া দু নিজ নিজ পক্ষে এই ঋণচুক্তি স্বাক্ষর করেন। উল্লেখ্য, শিক্ষা

পৃঃ ১৮ঃ কঃ ৭

## শিক্ষা খাতে ৩৫০

১২-এর পৃষ্ঠার পর

মন্ত্রণালয়ের অধীনস্থ ৫ বছর মেয়াদী এই দক্ষতা উন্নয়ন প্রকল্পে সর্বমোট ব্যয় হবে প্রায় ৫শ' কোটি টাকা। এর মধ্যে সাড়ে ৩শ' কোটি টাকা ঋণ দিচ্ছে এডিবি। বাকি টাকা সরকার নিজস্ব তহবিল থেকে যোগান দেবে।